

Md. Jakir Hossen
Instructor for Business Studies
General Education Department
Daffodil Polytechnic Institute

জাবেদার নিয়ম :

- | | |
|----------------------------------|-------------------------|
| ১। যা আসবে বা যে পাবে তা - ডেবিট | ২। যা যাবে তা - ক্রেডিট |
| ৩। ব্যয় বা ক্ষতি - ডেবিট | ৪। আয় বা লাভ - ক্রেডিট |
| ৫। ক্রয় - ডেবিট | ৬। বিক্রয় - ক্রেডিট |
| ৭। ক্রয় ফেরত - ক্রেডিট | ৮। বিক্রয় ফেরত - ডেবিট |

১। যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম উল্লেখ থাকে এবং নগদ কথাটি উল্লেখ না থাকে তাহলে বুঝতে হবে বাকিতে ক্রয়/বিক্রয়।

২। বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয় - ২,০০০ টাকা এবং এর বহন খরচ ৫০০ টাকা।

নোট :- বিক্রয়ের উদ্দেশ্যে কোন জিনিস ক্রয় করা হলে একে পণ্য ধরা হয় এবং দুইটি জাবেদা করতে হয়। যেমন :-

ক্রয় হিসাব ডেবিট - ২,০০০

বহন খরচ হিসাব ডেবিট - ৫০০

নগদান হিসাব ক্রেডিট - ২,৫০০

৩। আসবাবপত্র ক্রয় করা হল - ২,০০০ টাকা বহন খরচ প্রদান - ১,০০০ এবং সংস্থাপন ব্যয় - ৫,০০ টাকা।

নোট :- এখানে আসবাবপত্র সম্পদ। যেমন :-

আসবাবপত্র হিসাব ডেবিট - ৩,৫০০

নগদান হিসাব ক্রেডিট - ৩,৫০০

৪। মিমির নিকট হতে ১০% কারবারি বাটায় পণ্য ক্রয় - ১০,০০০ টাকা।

নোট :- ১০,০০০ টাকা থেকে কারবারি বাট্টা বাদ দিতে হবে কিন্তু কারবারি বাট্টার জন্য কোন জাবেদা হবে না। যেমন :-

ক্রয় হিসাব ডেবিট - ৯,০০০

নগদান হিসাব ক্রেডিট - ৯,০০০

৫। মিমির নিকট হতে ১০% নগদ বাটায় পণ্য ক্রয় - ১০,০০০ টাকা।

নোট :- এখানে নগদ বাট্টার জন্য জাবেদা হবে। যেমন :-

ক্রয় হিসাব ডেবিট - ১০,০০০

নগদান হিসাব ক্রেডিট - ৯,০০০

প্রাপ্ত বাট্টা হিসাব ক্রেডিট - ১,০০০

৬। কারবার হতে উত্তোলন/ব্যক্তিগত প্রয়োজনে কারবারহতে উত্তোলন/জীবনবীমার প্রিমিয়াম/আয়কর/ছেলের শিক্ষাব্যয় প্রদান/মালিকের বাসস্থান ভাড়া কারবার হতে প্রদান - ২,০০০ টাকা।

উত্তোলন হিসাব ডেবিট - ২,০০০

নগদান হিসাব ক্রেডিট - ২,০০০

৭। ব্যাংক হতে ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন - ১,০০০ টাকা।

উত্তোলন হিসাব ডেবিট - ১,০০০

ব্যাংক হিসাব ক্রেডিট - ১,০০০

৮। ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন/ক্রয় মূল্যে পণ্য উত্তোলন - ১,৫০০ টাকা।

উত্তোলন হিসাব ডেবিট - ১,৫০০

ক্রয় হিসাব ক্রেডিট - ১,৫০০

৯। ব্যক্তিগত প্রয়োজনে বিক্রয় মূল্যে পণ্য উত্তোলন/পণ্য বিক্রয়লব্দ অর্থ মালিক ব্যক্তিগত প্রয়োজনে রেখে দিল/পণ্য বিক্রয়লব্দ অর্থ সরাসরি মালিকের ব্যক্তিগত ব্যাংক হিসাবে জমাদেওয়া হল ৩,০০০ টাকা। যেমন :-

উত্তোলন হিসাব ডেবিট - ৩,০০০

বিক্রয় হিসাব ক্রেডিট - ৩,০০০

১০। (১) ব্যাংক জমার উদ্ধৃত ১০,০০০ টাকা মূলধন স্বরূপ আনা হল।

ব্যাংক হিসাব ডেবিট - ১০,০০০

মূলধন হিসাব ক্রেডিট - ১০,০০০

(২) ২০,০০০ টাকার পণ্য দ্রব্য মূলধন হিসেবে আনা হল।

ক্রয় হিসাব ডেবিট - ২০,০০০

মূলধন হিসাব ক্রেডিট - ২০,০০০

(৩) ব্যক্তিগত সুনাম মূলধন হিসেবে আনা হল ২০,০০০ টাকা।

সুনাম হিসাব ডেবিট - ২০,০০০

মূলধন হিসাব ক্রেডিট - ২০,০০০

(৪) অফিস কর্মচারীদের বেতন মালিক ব্যক্তিগতভাবে পরিশোধ করল ৫,০০০ টাকা।

বেতন হিসাব ডেবিট - ৫,০০০

মূলধন হিসাব ক্রেডিট - ৫,০০০

জাবেদার ঘর / জাবেদার ছক

তারিখ	বিবরণ	খঃ পূঃ	ডেবিট টাকা	ক্রেডিট টাকা